দৈনিক বাংলা

৩৭

05 FEB 1989
তারিখ ... ... ...
পৃষ্ঠা ... 1 ... কলাম 6 ...

# ডাকসু নির্বাচন

## ভার্সিটিতে পরিচিতি সভা ও মিছিল

(স্টাফ রিপোর্টার)

ডাকসু নির্বাচনে প্রতিদ্বন্দ্বী সংগঠনগুলো এখন প্যানেল পরিচিতি নিয়ে ব্যস্ত। কখনও বটতলায়, কখনও মধুর রেস্তোরায়, কখনওবা কার্জন হল লনে, আবার কখনও হল প্রাঙ্গণে চলছে পরিচিতি সভা। সকাল থেকে গভীর রাত পর্যন্ত এসব সভায় প্যানেলের প্রার্থীদের গুণাবলী তুলে ধরা হচ্ছে। পাশাপাশি দেয়া হচ্ছে নির্বাচনী ওয়াদা।

কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ তাদের মনোনীত 'সুলতান-মুশতাক' এবং জাতীয়তাবাদী ছাত্রদল তাদের 'দুদু-রিপন' পরিষদের

(৩-এর পৃঃ দ্রঃ)

## শান্তি বজায় রাখুন: ভিসি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চান্সেলর প্রফেসর আবদুল মান্নান ডাকসু এবং হল সংসদ নির্বাচন প্রাক্কালে নির্বাচন সময়ে এবং নির্বাচনের পর ক্যাম্পাসে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে ছাত্র ছাত্রীদের প্রতি আহ্বান জানিয়েছেন।

ভিসির এ আবেদন ছাপিয়ে ছাত্রছাত্রীদের মাঝে বিলি করা হচ্ছে। প্রফেসর মান্নান সুষ্ঠুভাবে নির্বাচন অনুষ্ঠানে প্রশাসনকে সহযোগিতা করার জন্যে শিক্ষক অফিসার এবং কর্মচারীদের প্রতিও আহ্বান জানান।

প্রফেসর মান্নান তাঁর আবেদনে বলেন ৮ই ফেব্রুয়ারী অনুষ্ঠেয় ডাকসু এবং হল সংসদ নির্বাচন

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## শান্তি বজায় রাখুন

( ১ম পৃঃ পর )

বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি পুনঃপ্রতিষ্ঠা ও যোগ্য নেতৃত্ব তৈরি করতে উল্লেখযোগ্য ভূমিকা পালন করবে।

## ডাকসু নির্বাচন

(প্রথম পৃঃ পর)

সমর্থনে বেশ জোরেসোরেই প্রচারণা চালাচ্ছে। অন্যান্য সংগঠনও মিছিল, সমাবেশের মাধ্যমে নির্বাচনী প্রচার কাজে ব্যস্ত। তবে ইসলামী ছাত্রশিবির ক্যাম্পাসে সভা-মিছিল না করলেও হলে হলে এবং বাড়ি গিয়ে ছাত্র-ছাত্রীদের কাছে ভোট চাইছে।

কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদের প্যানেল পরিচিতি সভা ২রা ফেব্রুয়ারী থেকে শুরু হয়েছে। এদিন শহীদুল্লাহ হল, জহুরুল হক হল এবং জিয়া হলে সভা হয়। পরদিন সভা হয় এফ রহমান হল, শেখ মুজিব হল এবং এস এইচ হলে। গতকাল সংগ্রাম পরিষদ দুপুরে সায়েন্স এনেক্স এবং বিকালে ও রাতে জসিমউদ্দিন হল, শামসুন্নাহার হল ও মহসীন হলে পরিচিতি সভা করে। গতকালের এসব সভায় জহিরউদ্দিন স্বপন, নাজমুল হক প্রধান মোস্তফা ফারুক, জাহাঙ্গীর সাত্তার টিংকু প্রমুখ বক্তৃতা করেন।

বক্তাগণ বলেন, ঐক্যবদ্ধ আন্দোলনের ধারা অব্যাহত রাখার প্রয়াসেই কেন্দ্রীয় ছাত্র সংগ্রাম পরিষদ আসন্ন ডাকসু নির্বাচনেও ঐক্যবদ্ধ প্যানেল দিয়েছে। যারা এর বিরুদ্ধে প্রচারণা চালাচ্ছে তারা ছাত্রসমাজের চলমান আন্দোলনকেই অস্বীকার করতে চায়। তারা ছাত্রসমাজের চলমান আন্দোলনকে না দিয়ে ভোটাধিকার প্রয়োগ করার জন্যে ছাত্র-ছাত্রীদের প্রতি আহ্বান জানান।

ছাত্র সংগ্রাম পরিষদ নেতৃবৃন্দ তাঁদের বক্তৃতায় আরও বলেন সুলতান-মুশতাক প্যানেল নির্বাচনে বিজয়ী হলে সন্ত্রাসমুক্ত ক্যাম্পাস প্রতিষ্ঠা, আবাসিক ও পরিবহন সমস্যার সমাধান করবে।

আজ রোববার আর্ট ইনস্টিটিউট, কার্জন হল, এসএম হল এবং সূর্যসেন হলে সংগ্রাম পরিষদের প্যানেল পরিচিতি সভা হবে। পরিষদের কেন্দ্রীয় প্যানেল পরিচিতি সভা হবে আগামীকাল সোমবার বিশ্ববিদ্যালয় বটতলায়।

জাতীয়তাবাদী ছাত্রদলের 'দুদু-রিপন' পরিষদের পরিচিতি সভা ২রা ফেব্রুয়ারী কার্জন হল সায়েন্স এনেক্স, সমাজকল্যাণ ইনস্টিটিউট এবং এফ রহমান হলে অনুষ্ঠিত হয়। শুক্রবার সভা হয় জহুরুল হক হলে। গতকাল জগন্নাথ হল, জসিমউদ্দিন হল ও জিয়া হলে সভা অনুষ্ঠিত হয়। এসব সভায় ছাত্রদল থেকে ডাকসুতে ভিপি প্রার্থী শামসুজ্জামান দুদু, জিএস প্রার্থী ও সংগঠনের সভাপতি আসাদুজ্জামান রিপন এবং সাধারণ সম্পাদক আমানউল্লাহ আমান বক্তৃতা করেন।

বক্তাগণ বলেন, স্বৈরাচারীদের জোড়াদেয়া ঐক্য নিয়ে ১৪টি সংগঠন ছাত্রদলের বিরুদ্ধে লড়ছে। ডাকসুতে শক্তিশালী ছাত্র সংগঠনের প্রতিনিধিত্ব প্রয়োজন— একথা উল্লেখ করে তাঁরা বলেন, ছাত্রদল এ প্রয়োজন পূরণ করবে। সমস্যা ভারাক্রান্ত ছাত্র-ছাত্রীদের আশা-আকাংখাও বাস্তবায়িত করবে ছাত্রদল।

ছাত্রদলের প্রার্থীরা ক্যাম্পাসে সন্ত্রাস প্রসঙ্গে বলেন, ৭৩ সালে পরাজয় নিশ্চিত জেনে যারা ডাকসুর ব্যালট বক্স ছিনতাই করেছিল এবং যারা ৭৫ সালে দেশে গণতন্ত্রের কবর দেয় তাদের পক্ষে সন্ত্রাস নির্মূল করা সম্ভব নয়। ৭৩ সালে মহসীন হলে সাতজন ছাত্র হত্যার কথাও দেশবাসী বিস্মৃত হয়নি বলে তাঁরা উল্লেখ করেন।

ছাত্রদল আজ সকাল দশটায় বটতলায় কেন্দ্রীয় প্যানেল পরিচিতি সভা এবং আগামীকাল সোমবার শোভাযাত্রা বের করবে।

জাতীয় ছাত্রদল ও ছাত্রবিপ্লবী মঞ্চের 'মুখলেছ-আজম' পরিষদের সমর্থনে গতকাল কলাভবন প্রাঙ্গণে সমাবেশ করে। এতে বক্তাগণ বলেন যে শক্তি ক্ষমতাসীন থাককালে হাজার হাজার বামপন্থী হত্যা করে তারাই এখন ডাকসু দখলের পাঁয়তারা চালাচ্ছে। এদের প্রতিরোধ করতে হবে বলে তারা উল্লেখ করেন।

উল্লেখ্য, আজ এবং আগামীকাল নির্বাচনী প্রচারণা চলবে। ৭ই ফেব্রুয়ারী সকাল আটটা থেকে সকল প্রকার নির্বাচনী প্রচারণা বন্ধ থাকবে। পূর্বেই নির্বাচন আচরণবিধিতে একথা ঘোষণা করা হয়। ৮ই ফেব্রুয়ারী ডাকসু এবং ১৩টি হল সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে।

৮ই ফেব্রুয়ারী অনুষ্ঠেয় ডাকসু এবং হল সংসদ নির্বাচনে পিএইচডি এবং এমফিল গবেষকরাও ভোট দিতে পারবেন, তবে গবেষকদের বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বকেয়া পরিশোধ করতে হবে। তাঁদেরকে পরিচয়পত্র বহন করতে হবে।